গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, বাজেট অধিশাখা-৩
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৬.২০-১১১

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৭
০৯ মার্চ ২০২১

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান, অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর ও অধস্তন অফিসসমূহের অর্গানোগ্রাম, নিয়োগবিধি এবং পদ মঞ্জুরি সরবরাহকরণ।

সূত্রঃ ১। স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৬.২০-৭৬১, তারিখঃ ১২.০৮.২০২০
২। স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৬.২০-৯৪৩, তারিখঃ ১৯.১১.২০২০
৩। স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০৬.২০-১০০৪, তারিখঃ ২৩.১২.২০২০

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারের আর্থিক ব্যবস্থাপনা আরো সুসংহত করার নিমিত্ত আগামী ২০২১-২০২২ অর্থবছর হতে সরকারি কর্মচারীদের বেতন-ভাতাদির বাজেট স্বয়ংক্রিয়ভাবে প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর পাশাপাশি কর্মচারীদের বেতনভাতা ও পেনশন কার্যক্রম সহজতর ও এ কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা নিশ্চিতকরণে বর্তমানে Online Pay-fixation ডাটাবেইজ হতে নতুন বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতি (BACS) অনুযায়ী রি-ডিজাইনকৃত Integrated Budget and Accounting System (iBAS++)-এর ডাটাবেইজে সকল কর্মচারীদের তথ্য স্থানান্তরের (Migration) কার্যক্রম চলমান আছে। এসব কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন ও Electronic Fund Transfer (EFT)-এর মাধ্যমে সকল সরকারি কর্মচারীর বেতন-ভাতা ও পেনশন পরিশোধের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান, অধীনস্থ অধিদপ্তর/ পরিদপ্তর ও অধস্তন অফিস এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের অর্গানোগ্রাম, নিয়োগবিধি ও পদ মঞ্জুরি অনুযায়ী পদবি, পদসংখ্যা ও গ্রেড iBAS++ সিস্টেমে অন্তর্ভুক্ত করা প্রয়োজন।

২। এ প্রেক্ষিতে ইতঃপূর্বে সূত্রোক্ত ১, ২ ও ৩নং স্মারকের মাধ্যমে নির্ধারিত ছকে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান, অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর ও অধস্তন অফিস এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের অর্গানোগ্রাম, নিয়োগবিধি ও পদ মঞ্জুরি অনুযায়ী পদবি, পদসংখ্যা ও গ্রেড সংক্রান্ত তথ্যাদি চাওয়া হলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, সরকারি কর্মচারীদের বেতন-ভাতাদির বাজেট আগামী ২০২১-২২ অর্থবছর হতে স্বয়ংক্রিয়ভাবে প্রণয়ন ও EFT-এর মাধ্যমে কর্মচারীদের বেতন-ভাতা ও পেনশন প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান, অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর ও অধস্তন অফিস ও মাঠ পর্যায়ের অফিসসমূহের অর্গানোগ্রাম, নিয়োগবিধি ও পদ মঞ্জুরির সত্যায়িত অনুলিপিসহ নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত তথ্যাদি আগামী ৩১ মার্চ, ২০২১ তারিখের মধ্যে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলোঃ

কার্যালয়ের নামঃ
কোড নং-
মন্ত্রণালয়/বিভাগ

ক্রমিক নং	পদবী (বাংলা)	পদবী (ইংরেজি)	গ্রেড	বেতন স্কেল	পদবিভিত্তিক পদসংখ্যা

বিঃদ্রঃ একই জাতীয় অফিসের ক্ষেত্রে যে কোন একটি অফিসের তথ্য প্রদান করতে হবে। যেমন-জেলা/উপজেলা সমাজসেবা কার্যালয়ের ক্ষেত্রে যে কোন একটি জেলা/উপজেলার তথ্য দিতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা

০৯.০৩.২০২১

(মোঃ তৌহিদুল ইসলাম)
উপসচিব
☎ ৯৫৬৩১৮৬
ইমেইল: touhiduli@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ১৪/ওয়াই, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

G Drive_Budget-3_SPFMS_ Letter doc.